

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর
(https://sherpurgovtcollege.edu.bd)

স্মারক নং: মোমর/২৬৬/২৪

তারিখ: ১৬/০৪/২০২৪ খ্রি:

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর সদর উপজেলাধীন শেরপুর সরকারি কলেজ, শেরপুর এর অধ্যক্ষের পরিত্যক্ত পুরাতন বাসভবনটি প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ঠিকাদার/প্রতিষ্ঠান/ব্যবসায়ীকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত হয়ে প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	বিক্রয়যোগ্য ভবনের বিবরণ	সরকারি মূল্য	প্রকাশ্য নিলাম অনুষ্ঠানের স্থান	প্রকাশ্য নিলাম অনুষ্ঠানের তারিখ	নাম রেজিস্ট্রেশনের সময়	জমানতের পরিমাণ
০১.	শেরপুর সরকারি কলেজ, শেরপুর	পরিত্যক্ত পুরাতন বাসভবন	৯৩,২০৮.৬৮ (তিরানবই হাজার দুইশত আট টাকা আটমট্ট পয়সা) মাত্র	শেরপুর সরকারি কলেজ, শেরপুর	২৮/০৪/২০২৪ খ্রি:	সকাল ১১.০০ ঘটিকা	২৩,০০০.০০

ঃ শর্তাবলী :

- ১। নিলামকৃত মালামাল সরেজমিনে পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- ২। নিলামে অংশগ্রহণকারীকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের ডকুমেন্ট, টিআইএন সার্টিফিকেট ও ভ্যাট নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে।
- ৩। উন্মুক্ত ডাকে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। প্রকাশ্য নিলামের সময় নির্ধারিত জমানত নগদ টাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে।
- ৫। বিক্রয় অনুমোদনপ্রাপ্ত সর্বোচ্চ দরদাতা আলাদাভাবে সরকারি বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও অন্যান্য প্রদেয় কর চালানের মাধ্যমে পরিশোধ করতে বাধ্য থাকবেন।
- ৬। নিলাম মূল্যের অবশিষ্ট টাকা নগদে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে। ব্যর্থতায় ডাকের সময় তার দাখিলকৃত জমানতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ৭। যদি সর্বোচ্চ দরদাতা শর্ত মোতাবেক মূল্য পরিশোধ না করে তাহলে তার দাখিলকৃত জমানত বাজেয়াপ্ত করে দরপত্র বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- ৮। দরপত্র দাখিলের পর মালামালের সংখ্যা গুনাগুন ও পরিমাণ নিয়ে কোন আপত্তি করা যাবে না।
- ৯। সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমস্ত মালামাল নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে।
- ১০। প্রকাশ্য নিলাম সম্পর্কিত তথ্য ও জ্ঞাতব্য বিষয়াবলী প্রত্যেক কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জনা যাবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রকাশ্য নিলাম গ্রহণ ও বাতিল করার ক্ষমতা রাখে।


প্রফেসর মো: আব্দুর রশীদ

অধ্যক্ষ

শেরপুর সরকারি কলেজ, শেরপুর

ফোন: ০২৯৯৭৭৮১৪৬২

প্রফেসর মো: আব্দুর রশীদ

আই.ডি.নং-৭৪৩৮

অধ্যক্ষ

শেরপুর সরকারি কলেজ, শেরপুর।